

স্বপ্রকাশ

পূর্ণ-জ্যোতি তুমি' ঘোষে দিনপতি,
অশনি প্রকাশে অসীম শক্তি,
বিহঙ্গম গাহে তব যশোগীতি,
চন্দ্রমা কহিছে তুমি সুশীতল।
উদ্বেলিত-সিঞ্চু-তরঙ্গ উডাল,
প্রকাশে তোমারি মুরতি করাল!
মরীচিকা ঘোষে তব ইন্দ্রজাল,
শিশির কহিছে তুমি নিরমল।
পুষ্প কহে তুমি চিরশোভময়,
মেঘবারি কহে মঞ্জল-আলয়,
গগন কহিছে অনন্ত, অক্ষয়,
ধুবতারা কহে তুমি অচঞ্চল;
নদী কহে তুমি তৃপ্তজানিবারণ,
বায়ু কহে তুমি জীবের জীবন,
নির্শীথিনী কহে শক্তি-নিকেতন;
প্রভাত কহিছে সুন্দর উজ্জল।
জ্যোতিষ কহিছে তুমি সুচতুর,
মুক্তি তুমি, ঘোষে জ্ঞানতৃষাতুর,
সতীপ্রেমে জানি তুমি সুমধুর,
বিভীষিকা-কহে পাপী অসরল;
অনুতাপী কহে তুমি ন্যায়বান,
ভক্ত কহে তুমি আনন্দবিধান,
সুখে শিশু করি' মাতৃস্তন্যপান,
প্রকাশে তোমারি করুণা অতল!